

শেখ রাসেল পদক ২০২৩

আবেদন করতে আজই ডিজিট করুনঃ



<https://award.sheikhruassel.gov.bd/>



আবেদনের আর মাত্র বাকী ৮ দিন ১৩ ঘণ্টা ৪০ মিনিট ৫৮ সেকেন্ড

উদ্দেশ্যঃ

শিশু-কিশোর এবং তাদের উন্নয়নের সাথে সম্পৃক্ত প্রতিষ্ঠানকে অনুপ্রেরণা, উৎসাহ ও উদ্দীপনা যোগানো এবং স্বীকৃতি প্রদানের লক্ষ্যে জাতীয় পর্যায়ে বিভিন্ন ক্ষেত্রে সেরা ব্যক্তি ও প্রতিষ্ঠানকে শেখ রাসেল পদক প্রদান করা।

পুরস্কার প্রদানের ক্ষেত্রসমূহঃ

১. শিক্ষা (ব্যক্তি)
২. বিজ্ঞান ও প্রযুক্তি (ব্যক্তি)
৩. ক্রীড়া (ব্যক্তি)
৪. প্রতিভাবান বিশেষ চাহিদাসম্পন্ন শিশু-কিশোর (ব্যক্তি)
৫. শিল্পকলা ও সংস্কৃতি (ব্যক্তি)
৬. ক্ষুদ্রে প্রোগ্রামার (ব্যক্তি)
৭. ক্ষুদ্রে উদ্ভাবক (ব্যক্তি)
৮. ক্ষুদ্রে লেখক (ব্যক্তি)
৯. ডিজিটাল স্কুল (প্রতিষ্ঠান)
১০. ডিজিটাল এক্সিলেন্স (প্রতিষ্ঠান)

পুরস্কার পরিকল্পনায় বিবেচ্য গুরুত্বপূর্ণ বিষয়াবলীঃ

- আবেদনপত্রের তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অস্পষ্ট এবং নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করতে ব্যর্থ হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;
- আবেদনপত্র বাতিলের ক্ষেত্রে সুনির্দিষ্ট কারণ উল্লেখপূর্বক বাতিল করতে হবে;
- কোনো পুরস্কারের ক্ষেত্রে কাঙ্ক্ষিত মানসম্পন্ন কোনো আবেদন পাওয়া না গেলে, সেক্ষেত্রে ঐ শ্রেণিতে পুরস্কার প্রদান ঐ বছরের জন্য স্থগিত থাকবে;
- পুরস্কার প্রদানের ক্ষেত্রে আবেদনের বছর হতে পূর্ববর্তী সর্বাধিক ০৩ ক্যালেন্ডার বছরের (জানুয়ারী- ডিসেম্বর) কর্মকান্ড বিবেচনায় নিতে হবে;
- শেখ রাসেল পদক নীতিমালা— ২০২২ এ উল্লিখিত মূল্যায়ন ছক অনুসরণপূর্বক মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করতে হবে;
- মূল্যায়নের সকল ক্ষেত্রে প্রমাণক বিবেচনায় নিতে হবে;
- শেখ রাসেল পদক এর কোনো ক্ষেত্রে একবার পুরস্কার প্রাপ্ত হলে, পরবর্তীতে পুরস্কারপ্রাপ্ত ঐ ব্যক্তি বা প্রতিষ্ঠান ঐ একই উদ্ভাবন বা অবদানের জন্য আর বিবেচিত হবেন না;
- ব্যক্তিগত ক্ষেত্রে অনূর্ধ্ব ১৮ বছর বয়সী যে কেউ আবেদন করতে পারবেন, তবে একজন আবেদনকারী একটি ক্ষেত্রে একবারই আবেদন করতে পারবেন।
- প্রাতিষ্ঠানিক আবেদনের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানকে আবেদন করতে হবে;
- এই পুরস্কার কার্যক্রমের সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে; এবং
- সময়ে সময়ে যথাযথ কর্তৃপক্ষ মূল্যায়ন ছক এবং আবেদন ফরম সংযোজন, বিয়োজন এবং পরিবর্তন করতে পারবে।